’’শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ’’

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ- কৃষি শাখা
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
web site : www.bteb.gov. bd

স্মারক নং বাকাশিবো/পঃনিঃবিঃ/কৃষি)/২০১৭/১৬৮ তারিখঃ ১৮-১২-১৭খ্রিঃ

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচেছ যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের কারিকুলাম বিভাগ হতে জারিকৃত শিক্ষা বর্ষপঞ্জির ২০১৭-২০১৮ এর আলোকে ৪ বৎসর মেয়াদী ডিপ্লোমা- ইন- ফরেস্ট্রি শিক্ষাক্রমের ফরেস্ট সায়েন্স এন্ড টেকনোলজী ইন্সটিটিউট, চট্টগ্রাম এর ২য় পর্ব অনিয়মিত/পরিপূরক (তাত্বিক) বোর্ড সমাপনী পরীক্ষা ২০১৭ আগামী ১১ জানুয়ারি ২০১৮ খ্রিঃ রোজ বৃহস্পতিবার হতে নিজস্ব প্রতিষ্ঠান/কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার জন্য পরীক্ষার্থীদের এন্ট্রি ফরম গ্রহণ জমা ও প্রয়োজনীয় ফি জমা দেওয়ার তারিখ, ফি এর হার এবং নিয়মাবলী অত্র সংগে দেওয়া হইল। পরীক্ষার বিস্তারিত সময়সূচি যথা সময়ে অবহিত করা হইবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হইতে অবগত হওয়া যাইবে। ইহা ছাড়া উক্ত তথ্যাদি কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে দেখা যাইবে।

১.০ পরীক্ষার এন্ট্রি ফরম পূরণের নিয়মাবলীঃ

১.১ আগ্রহী পীক্ষার্থীদের অত্যন্ত সাবধানতার সহিত ফরম ফিলাপ করিতে হইবে। এন্ট্রি ফরমের নির্ধারিত স্থানে ইংরেজীতে (বড় অক্ষরে) নাম লিখিতে হইবে। এস এস সি পরীক্ষার পাশের সনদপত্রে অনুরূপ এন্ট্রি ফরমে পূরন করিতে হইবে।

১.২ প্রত্যেক পরীক্ষার্থীকে স্বীয় এন্ট্রি ফরমের নির্ধারিত স্থানে তাহার রেজিস্ট্রেশন নম্বর ও সেশন নম্বর লিখিতে হইবে। রেজিস্ট্রেশন নম্বর ও সেশন উল্লেখ বিহীন প্রিন্ট আউট গ্রহণ করা হইবে না।

১.৩ প্রত্যেক পরীক্ষার্থীকে প্রিন্ট আউট কপিতে ২য়পর্ব পরিপূরক বিষয়ের পূর্ননাম লিখিতে হইবে (বিষয়ের কোড নম্বর সহ)

২.০ পরীক্ষার ও অন্যান্য ফি সমূহের হারঃ

২.১ প্রত্যেক পরিপূরক পরীক্ষার্থীর নিকট হতে পরীক্ষার ফি বাবদ (২২৫+২২৫)= ৪৫০/- হারে আদায় করিতে হইবে।

৩.০ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এন্ট্রি ফরম ও ফিসমূহ বোর্ডে প্রেরণ পদ্ধতিঃ

৩.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষা ফি এর মোট অর্থের শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ অর্থ অর্থাৎ ২২৫/- টাকা হারে পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষা ফি সহ সমূদয় অর্থ সচিব,বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকুলে সোসাল ইসলামী ব্যাংক লিমিটেড, হিসাব নং চলতি ১৩৩০০০১২১৮২ বেগম রোকেয়া স্বরণী শাখা আগারগাঁও, শেরেবাংলা নগর (সোসাল ইসলামী ব্যাংক, লায়ন্স চক্ষু হাসপাতাল, আগারগাঁও, ঢাকা শাখায় নগদ অর্থ জমা দিয়েও ভাউচার সংযুক্ত করা যাইবে) অথবা সোনালী ব্যাংকের যে কোন শাখা হইতে , আগারগাঁও শাখায় উত্তোলন যোগ্য সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে কৃষি শাখার ডেস্ক অফিসার এর যাচাই-বাছাই করার পর বোর্ডের হিসাব শাখায় ‘‘ছকে’’ বর্ণিত তারিখ অনুযায়ী জমা দিতে হইবে। (এখন হইতে উল্লেখিত সোনালী ব্যাংকের ড্রাফট স্ব-স্ব প্রতিষ্ঠানকে ব্যাংকে ভাউচারের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।

৩.২ পরীক্ষার্থীদের ফি বাবদ আদায়কৃত অবশিষ্ট অর্ধাংশ অর্থাৎ ২২৫/- হারে কেন্দ্র তহবিলে (ব্যাংক একাউন্টে) গচ্ছিত থাকিবে এবং এই তহবিল হইতে পরীক্ষা সংক্রান্ত সকল সম্বরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের পারিশ্রমিক পরীক্ষা সমাপ্তির পর পরই অফিস হইতে প্রেরিত নির্ধারিত পারিশ্রমিক হার অনুযায়ী পরিশোধের ব্যবস্থা করিতে হইবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয় ও ব্যয়ের উল্লেখসহ) যথাসময়ে অত্র বোর্ডের সচিব বরাবরে প্রেরণ করিতে হইবে।

৩.৩ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্তে প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৩.৪ নগদ, মানি অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নহে।

৩.৫ অত্র অফিসে প্রেরণের পূর্বে পরীক্ষার্থী কর্তৃক পূরণকৃত প্রতিটি এন্ট্রি ফরমের লিপিবদ্ধতা শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট নথিপত্রের সহিত নির্ভূলভাবে পরীক্ষা করিয়া সাজাইয়া দিতে হইবে। ইহাতে কোন ব্যতিক্রম বাঞ্চনীয় নহে।

৩.৭ নিম্নে বর্ণিত ‘‘ছক’’ অনুযায়ী সকল পরীক্ষার্থীর একটি তালিকা এন্ট্রি ফরমের সহিত প্রেরণ করা অত্যাবশ্যক।

ক্রঃ নং	পরীক্ষার্থীর নাম ও রোল নম্বর	রেজিঃ নং ও সেশন	পরীক্ষায় দেয় বিষয়সমূহ	পরীক্ষার ফি	সংযোগ রক্ষাকারী ফি (যদি থাকে)	বিলম্ব ফি	সর্বমোট ফি
১	২	৩	৪	৫	৬	৭	৮

৩.৮ নিম্নে ’’ছকে’’ পদত্ত তারিখ অনুযায়ী ছাত্র/ছাত্রীদের ফরম ফিলাপ ও পরীক্ষার ফি গ্রহণ এবং প্রবেশপত্র বিতরণ করা হইবে।

ক্রঃ নং	অন লাইনে ফরম ফিলাপ করার তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফি ছাড়া ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফ্ট এবং জমা করার তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফিসহ (৩০০/=হারে) ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফ্ট করার তারিখ	নির্ধারিত তারিখের (২৬/১২/১৭) পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা সাপেক্ষে ’’ব্যাংক ড্রাফট ও এন্ট্রি ফরম ৩১ -১২-১৭ খ্রিঃ পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয়ের অনুমতি স্বাপেক্ষে গ্রহণ করা যাবে।	অত্র বোর্ড হতে প্রবেশপত্র এবং পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র হাতে হাতে গ্রহনের তারিখ
১	২৪/১২/১৭	২৬/১২/১৭	২৮/১২/১৭		২৬-১২-১৭ খ্রিঃ

৩.৯. পরীক্ষার এন্ট্রি ফরমসমূহ ও সমূদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্যাফট স্বঃ স্বঃ শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মচারীর মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যেই অত্র অফিসে প্রেরণের ব্যবস্থা করা যাইতে পারে। তবে সংশ্লিষ্ট কর্মচারীর ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

স্বাঃ/-

(ড. সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২-৯১১৩২৮৩ (অফিস)

স্মারক নং বাকাশিবো/পঃনিঃবিঃ/কৃষি)/২০১৭/১৬৮(১৬) তারিখঃ ১৮-১২-১৭খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

১। প্রধান বন সংক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

২। উপ- প্রধান বন সংক্ষক(শিক্ষা ও প্রশিক্ষণ উইং), বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

৩-৬। সচিব/ পরিদর্শক /পরীক্ষা নিয়ন্ত্রক/ পরিচালক (কারিকুলাম)/পরিচালক শিল্প ও প্রশিক্ষণ সমন্বয়/ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৬। অধ্যক্ষ/কেন্দ্র সচিব,ফরেস্ট সায়েন্স এন্ড টেকনোলজী ইন্সটিটিউট, চট্টগ্রাম। **(প্রতিষ্ঠান কোড ৭২০০৯)**

৭। জেলা প্রশাসক, চট্টগ্রাম।

৮-১১। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)/ দৃষ্টি আকর্ষণঃ (সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক- ১, ২ ও ৩), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (পরীক্ষা সংক্রামন্ত আপনার সপ্তরের সংশ্লিষ্ট কার্যক্রমগুলো সম্পন্ন করনের জন্য অনুরোধ করা হলো)।

১২। কারিকুলাম বিশেষজ্ঞ-(কৃষি) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা । (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে দেওয়া এবং বিজ্ঞপ্তির তারিখ অনুসারে ২য় পর্বের **GPA** নম্বর নির্ধারিত সময়ে বোর্ডের ওয়েব সাইটে পর্ব ভিত্তিক দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

১৪। প্রোগামার-৩, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।

১৫। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।

১৬। নথি।

(মোঃ আবদুল কাইউম)
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন- ৪৮১১০৯৪৯